ঝিনাইদহ জেলা যুবলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে জেলা যুবযুলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০ টা থেকে শিল্পকলা একাডেমিতে এই বর্ধিত সভার আয়োজন করা হয়। দীর্ঘদিন বাদে সরকার দলীয় এই সংগঠনের বর্ধিতসভাকে ঘিরে নেতাকর্মীদের মধ্যে ছিল উৎসবের আমেজ।

জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুবলীগের প্রেসিডিয়াম মেম্বার ঝিনাইদহ-৩ আসনের সাবেক সংসদ সদস্য নবীনেওয়াজ।

প্রধানবক্তা হিসাবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় যুবলীগের যুগ্ম সম্পাদক সুব্রত পাল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সাংগঠনিক সম্পাদক অ্যাড ড. শামীম আল সাইফুল সোহাগ,কার্যনির্বাহী সদস্য মোঃ হুমায়ন কবির,ইঞ্জিনিয়ার প্রতীক ঘোষ, কেন্দ্রীয় সদস্য অ্যাড. এম হাসানুজ্জানুজ্জামান তুষার, মোঃ শেখ জসিম উদ্দিন।

অনুষ্ঠানে সঞ্চালনা করেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক রাশীদুর রহমান রাসেল,হাফিজুর রহমান,রাজু আহমেদ ও শফিকুল ইসলাম শিমুল। বর্ধিত সভায় ৬টি উপজেলা, পৌরসভা যুবলীগ থেকে ২০ জন করে অংশগ্রহণ করেন। এছাড়া জেলা আহবায়ক কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন।

বর্ধিত সভায় আলোচনায় বিভিন্ন ইউনিটে সম্মেলনের মাধ্যমে নতুন কমিটি গঠনের দাবি তোলা হয়। কেন্দ্রীয় নেতারা আলো চানার মাধ্যমে সংগঠনকে চাঙ্গা করার জন্য সার্বিক নির্দেশনা দেন।

শৈলকুপায় জমি নিয়ে বিরোধে

ভায়ের হাতে ভাই খুন

ঝিনাইদহের শৈলকুপায় জমি নিয়ে বিরোধে আপন ভায়ের হাতে দেশীয় অস্ত্রের আঘাতে আজিবর শেখ(৬০)নামের এক ব্যক্তি নিহত হয়েছে। হামলায় গুরুতর আহত হয় আজিবর শেখের ছেলে শাহাদৎ শেখ।

গতকালসোমবার দুুপুরে উপজেলার ১নং ত্রিবেণী ইউনিয়নের শিতালীডাঙ্গা গ্রামে এ হামলার ঘটনা। হামলায় গুরুতর আহত আজিবর শেখকে প্রথমে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়।

তার অবস্থার অবনতি হলে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন চিকিৎসক। গতকাল সোমবার রাত সাড়ে ১০টার দিকে রাজশাহী মেডিকেলে চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহত আজিবর শেখ শিতালীডাঙ্গা গ্রামের ইয়াকুব শেখের ছেলে।

নিহত আজিবর শেখের জামাই তুহিন মন্ডল জানান, তার শশুর আজিবর শেখের সাথে আপন ভাই দুলাল শেখের দীর্ঘদিন ধরে জমি নিয়ে বিরোধ চলে আসছে।

এ ঘটনাকে কেন্দ্র করে নিজ বাড়ির আঙ্গিনায় দুলাল শেখ ও তার দুই ছেলে নাজমুল শেখ ও লালন শেখ দেশীয় অস্ত্র দিয়ে আজিবর শেখ ও তার ছেলে শাহাদৎ শেখকে কুপিয়ে গুরুতর জখম করে।

আহত আজিবর শেখ কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ও শাহাদৎ শেখকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। আজিবর শেখের অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।

সেখানে গতকাল সোমবার রাত সাড়ে ১০টায় চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু হয়েছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন, জমি নিয়ে বিরোধে শিতালীডাঙ্গা গ্রামে এক ব্যক্তি নিহত হয়েছে। গ্রামটিতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

কুষ্টিয়ার পদ্মানদীর ভাঙন থেকে রক্ষা পেতে সংবাদ সম্মেলন

কুষ্টিয়ার পদ্মা নদীর তীব্র ভাঙনের হাত থেকে রক্ষা করতে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের দাবিতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দুপুরে পদ্মা নদী তীরে সংবাদ সম্মেলন করেছেন স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকাবাসী।

সংবাদ সম্মেলনে মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন বলেন, কুষ্টিয়ায় পদ্মা নদীর তীব্র ভাঙনের মুখে পড়েছে উত্তর ও দক্ষিণবঙ্গের মধ্যে যোগাযোগের একমাত্র মহাসড়ক।

জেলার মিরপুর উপজেলার তালবাড়িয়া ইউনিয়ন এলাকায় ভাঙতে ভাঙতে কুষ্টিয়া-পাবনা মহাসড়কের মাত্র ১০০ মিটারের মধ্যে চলে এসেছে এ নদী। এতে বহু ঘরবাড়িসহ আবাদী জমি বিলীন হয়ে গেছে। জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের দাবি জানান তিনি। উপজেলা চেয়ারম্যান আরও বলেন, বহু বছর ধরে এ এলাকায় পদ্মার ভাঙন চলছে।

ভাঙন প্রতিরোধে স্থানীয় ব্যবস্থা নিতে গত বছর স্থানীয় পানি উন্নয়ন বোর্ড ৯৯০ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণ করলেও তা আটকে আছে। তিনি আরও বলেন, ভাঙন ঠেকানো না গেলে যেকোনো সময় কুষ্টিয়া-পাবনা মহাসড়ক নদীতে বিলীন হয়ে যাবে। এতে উত্তর ও দক্ষিণ বঙ্গের মধ্যে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে।

পাশাপাশি কুষ্টিয়ার বিস্তীর্ন এলাকা বন্যা কবলিত হবে। তিনি অবিলম্বে ভাঙন প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানান। এসময় তালবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হান্নান মন্ডল সহ স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকাবাসী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে গুডনেইবার্স এর

উদ্যোগে শিক্ষা উপকরণ ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ

মেহেরপুরের মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের উদ্যোগে স্পন্সর কৃত শিশু শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে।

এ উপলক্ষে সোমবার সকাল সাড়ে ১০ টার সময় গুডনেইবার্স অফিস প্রঙ্গনে এক অনুষ্ঠানে আয়োজন করা হয়। গুডনেইবার্স মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার লিংকন রায় এর সভাপতিত্বে এবং প্রোগ্রাম অফিসার তসলিমা খাতুনের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্হিত ছিলেন সিডিপি সভাপতি ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য শংকর বিশ্বাস,সিডিপি সহসভাপতি ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের (সাবেক ভারপ্রাপ্ত) চেয়ারম্যান আক্কাস আলি, গুডনেইবার্স এর হেল্থ অফিসার পঙ্কজ কুমার বিশ্বাস, মেডিক্যাল অফিসার সাজদ্বীপ ইসলাম,এডমিন অফিসার মি: পলাশ বাড়ৈই।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস এর ম্যানাজার লিংকন রায় বলেন আপনারা অবগত আছেন যে, গুডনেইবার্স বাংলাদেশ দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন: শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন: সমবায় ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও নারী উন্নয়ন; যুব উন্নয়ন: স্থানীয় যুবকদের জন্য কর্মমূখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছাসেবক কার্যক্রম পরিচালনা করে আসছে।

আমাদের দেশে কোভিড ১৯ সংক্রামিত হওয়ার আগে থেকেই জনসচেতনতা মূলক প্রচারনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে লিফলেট, পোষ্টার বিতরণ, সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন জনসচেতনতা মূলক প্রচারনা এবং বিএমডিসি নিবন্ধনকৃতদের মাধ্যমে টেলিমেডিসিন স্বাস্থ্য সুবিধা প্রদান করে যাচ্ছি।

বর্তমানে আমরা স্কুল খুলে দেওয়ায় করোনা মহামারিতে ক্ষতিগ্রস্হ ১ হাজার ৬১ জন শিশু শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ ও স্বাস্হ্য

সুরক্ষা সামগ্রী প্রদান করা হচ্ছে এবং আগামীতে আপনাদের সহযোগীতায় গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি এই সহায়তা প্রদান অব্যাহত রাখবে।

স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা- ২০২১ অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে অগ্রণী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মুজিবনগর শাখার, উদ্যোগে স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা-২০২১ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১২ টার সময় অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখায় এ মেলার উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা ব্যবস্থাপক কাজী আরিফুল ইসলমের সভাপতিত্বে, অগ্রণী ব্যাংক এর সদ্য পদোন্নতি পাওয়া উপ মহা- ব্যবস্থাপক মানস কুমার পাল, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গ্রাহকদের মাঝে কৃষি ঋণ বিতরণ করে মেলার উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন ছিলেন চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ের (এস পি ও)এ এস এম এম কবির,চুয়াডাঙ্গা আঞ্চলের অফিসার সমিতির সভাপতি সুলাইমান, চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ের সিনিয়র অফিসার আবদুল্লাহ আল মামুন, আরো উপস্হিত ছিলেন ভবন মালিক কৌশিকুল ইসলাম রুমি,কেদারগন্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিকসহ অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখার কর্মকর্তা ও কর্মচারি ব্যাংকের গ্রাহক বৃন্দ।

অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখায় স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা-২০২১ এর প্রথম দিনে ১০ জন গ্রাহককে ৮ লক্ষ টাকা কৃষি ঋণ প্রদান করা হয়। এ সময় ৪ জন গ্রাহকের কাছ থেকে বকেয়া ৩ লক্ষ টাকা কৃষি ঋণ আদায় করা হয়।

মেলা আগামী বৃহস্পতিবার পর্যন্ত চলবে।

মেহেরপুর বারাদিতে চেয়ারম্যান পদপ্রার্থী প্লাবনের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদি ইউনিয়নের জাসদ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী ও জাতীয় যুব জোট নেতা মোঃ নুরু-উছ-সাফা প্লাবন এর নির্বাচনী গণসংযোগ চলমান রয়েছে।

সোমবার প্লাবন তার নির্বাচনী এলাকার পাটকেলপোতা,চাঁদপুর,সিংহাটী,শিমুলতলা,পুরাতন দরবেশপুর গ্রামের সাধারণ জনগণের সাথে গণসংযোগ করেন।

এসময় প্লাবন বলেন, একজন জনপ্রতিনিধি যে জনগণের চাকর এটা প্রমাণ করানোই আমার সপ্ন এবং লক্ষ্য।

সুতরাং আপনাদের মূল্যবান ভোটগুলো মশাল দিবেন, নায্য অধিকার বুঝে নিবেন।

হৃদরোগে আক্রান্ত হয়ে ইবির ইংরেজি বিভাগের শিক্ষকের মৃত্যু

হৃদরোগে আক্রান্ত হয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ইংরেজী বিভাগের সহযোগী অধ্যাপক খন্দকার আব্দুল্লাহহিল আল মাবূদ (দারবিশ জুয়েল) এর মৃত্যু হয়েছে (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সোমবার বিকেল ৫টার দিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল থেকে ঢাকায় নেয়ার পথে তার মৃত্যু হয়। পারিবারিক সূত্রে জানা যায়, তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসারত ছিলেন।

তার অবস্থার উন্নতি না হওয়ায় এয়ার এম্বুলেন্সে করে ঢাকায় নেয়ার পথে তিনি ইন্তেকাল করেন।

সোমবার রাত দশটায় তার নিজ বাসস্থান কুষ্টিয়ার আমলাপাড়া সোনাপট্টি মসজিদে প্রথম জানাজা অনুষ্ঠিত হবে। পরে রাত সাড়ে ১০টায় কুষ্টিয়া পৌর গোরস্থানে তাকে দাফন করা হবে।

এদিকে তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) উপাচার্য অধ্যাপক ড. শেখ আব্দুস সালাম।

শৈলকুপায় স্কুল মাঠ ঠিকাদারের নির্মাণ সামগ্রীর স্তুপ, নজরদারি নেই কর্তৃপক্ষের

দীর্ঘদিন স্কুল বন্ধ থাকার পর গত ১২ সেপ্টেম্বর রবিবার শিক্ষাপ্রতিষ্ঠান খুলেছে অথচ ঝিনাইদহের শৈলকুপার ধলহরাচন্দ্র সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে ঠিকাদারী প্রতিষ্ঠানের রাস্তা নির্মাণ সামগ্রীতে পাহাড় সমান ইস্তু হয়ে আছে। ফলে স্কুল খোলার প্রথম দিনেই শিশু শিক্ষার্থীরা হতাশ হয়ে পড়েছে এসব বিষয় নিয়ে কর্তপক্ষের কোন নজরদারি নেই।

সরেজমিনে দেখা যায়, চেনার উপায় নেই সেই চিরচেনা স্কুল। পুরা খেলার মাঠ জুড়েই বালু , ইট, খোয়া আর বিভিন্ন ভারী গাড়ির সমাহার। ভারী যানবাহনে বিভিন্ন জায়গা থেকে নির্মাণ সামগ্রী এনে পাহাড়ের মত উচু করে রাখা হয়েছে আবার এই সব নির্মাণ সামগ্রী নিয়ে সড়কে নিয়ে যাওয়া হচ্ছে। একদিকে স্কুল মাঠে চলাচলের যেমন অসুবিধা আবার চরম ঝুকিনিয়ে স্কুলে আসছে শিশুরা। যে কোন সময় বড়ধরণের দূর্ঘটনার কবলে পড়তে পারে স্কুলের শিশু শিক্ষার্থীরা।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

অনুরোধ জানিয়েছেন নিখোঁজ শাহানা বেগমের অভিভাবকরা।

মোবাইল নম্বর ০১৯৯৯-৪৩৫৫৬৯ (আবু বক্কর) ও ০১৭১৫-২৬৭৬০২ (সাইদুর রহমান, চেয়ারম্যান বারুইপাড়া ইউনিয়ন পরিষদ)।

মেহেরপুর জেলা পরিষদের বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ অব্যাহত

নারীদের উন্নয়ন এবং কর্মশীল হিসেবে গড়ে তুলতে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকার সেলাই প্রশিক্ষণ কারীদের মধ্যে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ করা অব্যাহত রয়েছে।

সোমবার বিকাল ৪ টার সময় মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে এসকল সেলাই মেশিন বিতরণ করা হয়। মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে মেহেরপুর জেলা পরিষদের সংরক্ষিত ১ নম্বর ওয়ার্ডের বিভিন্ন এলাকার ৪৮ জন সেলাই প্রশিক্ষণ মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ করেন।

এসময় জেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য নার্গিস আরা, সহকারী প্রকৌশলী মজিবুর রহমান, চেয়ারম্যানের গোপনীয় সহকারি শাহীন ইকবাল সহ প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।